# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**31-03-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যের একাধিক IAS, IPS আধিকারি এবং বিভিন্ন থানার I C, O C ও BDO-দের বদলি করার সিদ্ধান্তের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া মামলা, আজ প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ খারিজ করে দিয়েছেন।

২) বিজেপি-র কেন্দ্রীয় নির্বাচক কমিটি পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য ১৩ জন প্রার্থীর চতুর্থ তালিকা প্রকাশ করেছে।

৩) বিখ্যাত টেনিস তারকা লিয়েন্ডার পেজ আজ বিজেপি-তে যোগ দিয়েছেন।

৪) এসআইআর-এর আওতায় বিবেচনাধীন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের পঞ্চম অতিরিক্ত তালিকা প্রকাশিত হয়েছে। তবে, কতজনের নাম বাদ পড়েছে তা স্পষ্ট করা হয়নি।

৫) নদীয়ার পলাশিতে একটি স্কুল গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে ডাম্পারে ধাক্কা মারলে আহত হয়েছে অন্তত ১৭ জন পড়ুয়া। এদের মধ্যে ৬ জনের অবস্থা আশঙ্কাজনক।

৬) অনুকুল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বৃষ্টি হচ্ছে। উত্তরবঙ্গেও রয়েছে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ।

ooooooooooooooooooooo

রাজ্যের একাধিক IAS, IPS আধিকারিকদের বদলি করার বিরুদ্ধে দায়ের করা জন স্বার্থ মামলা আজ কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে। আইনজীবী অর্ক নাগ নির্বাচন কমিশনের এই আধিকারিকদের বদলির সিদ্ধান্তের বিরোধিতা করে হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চে মামলা দায়ের করেছিলেন। একই সঙ্গে বিভিন্ন থানার I C, O C ও BDO-দের বদলি করার সিদ্ধান্তের বিরুদ্ধে দায়ের করা মামলাটিও এদিন প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চ খারিজ করে দেন।

oooooooooooooooooooooo

বিজেপি-র কেন্দ্রীয় নির্বাচক কমিটি রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য ১৩ জন প্রার্থীর চতুর্থ তালিকা প্রকাশ করেছে। এদের মধ্যে উল্লেখযোগ্য, চৌরঙ্গী কেন্দ্রে প্রাক্তন কংগ্রেস নেতা, সদ্য বিজেপিতে যোগ দেওয়া সন্তোষ পাঠক, উত্তর ২৪ পরগনার বাগদা কেন্দ্রে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের স্ত্রী সোমা ঠাকুর এবং বর্ধমানে মেমারি কেন্দ্রে সাংবাদিক মানব গুহ। এছাড়াও হাওড়া দক্ষিণ কেন্দ্রে শ্যামল হাতি, পাঁচলায় রঞ্জন কুমার পাল, গড়বেতায় প্রদীপ লোধা, বারাবণিতে অরিজিত রায় এবং নাটা বাড়ি বিধানসভা কেন্দ্রের জন্য গিরিজা শঙ্করের নাম ঘোষণা করা হয়েছে।

অন্যদিকে, দ্বিতীয় তালিকায় থাকা ময়নাগুড়ি কেন্দ্রের প্রার্থী বদল করে ডালিম রায়ের নাম ঘোষণা করা হয়েছে।

এদিকে, বিখ্যাত টেনিস তারকা লিয়েন্ডার পেজ আজ বিজেপি-তে যোগদান করেছেন। নতুন দিল্লিতে দলের সদর দফতরে কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজুর উপস্থিতিতে তিনি বিজেপিতে যোগ দেন।

এর আগে পেজ, ২০২১ সালে গোয়া বিধানসভা নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছিলেন এবং দলনেত্রী মমতা ব্যানার্জী তাঁকে সেরাজ্যে দলের দায়িত্বভার দিয়েছিলেন।

ভারতের টেনিসের ডাবলসে অন্যতম সফল তারকা লিয়েন্ডারের জন্ম এবং বড় হওয়া কলকাতাতেই । খেলোয়াড় জীবনে তিনি ৮-টি গ্রান্ডস্লাম ডাবলস্ খেতাব এবং মিক্সডস্ ডাবলসে জিতেছেন ১০-টি গ্রান্ডস্লাম। আটলান্টা অলিম্পিকে পেয়েছিলেন একমাত্র অলিম্পিক ব্রোঞ্চ পদক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়া গ্রামীণ এলাকার পাঁচ SUCI প্রার্থীর নাম আজ ঘোষণা করা হয়েছে| বাগনানের প্রার্থী বচন বিশ্বনাথ পেরা , আমতায় সঞ্জীব সাতরা, শ্যামপুরে অলোক দলপতি , উলুবেরিয়া পূর্ব কেন্দ্রে দাঁড়িয়েছেন সুখেন মন্ডল ও উলুবেরিয়া দক্ষিণের প্রার্থী হয়েছেন জয়ন্ত খাটুয়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এসআইআর-এর আওতায় বিবেচনাধীন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের পঞ্চম অতিরিক্ত তালিকা প্রকাশিত হয়েছে। গতকাল রাত থেকে এপর্যন্ত দু ধাপে এই

তালিকা প্রকাশ হয়। কমিশন সূত্রের খবর এই দফায় প্রায় ৩ লক্ষ ভোটারের নামের নিষ্পত্তি হয়েছে। তবে, কতজনের নাম বাদ পড়েছে তা স্পষ্ট করা হয়নি। https://voters.eci.gov.in/download_eroll?statecode=S25 – এই লিঙ্কে ক্লিক করে বিস্তারিত তথ্য দিয়ে নাম আছে কিনা তা ভোটাররা দেখতে পাবেন। কমিশনের সূত্রে আরও জানানো হয়েছে, এস আই আর-এ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর ৬০ লক্ষেরও বেশি যে নামগুলি বিচারাধীন ছিল, তার মধ্যে এখনও পর্যন্ত ৪০ লক্ষের মতো নামের নিষ্পত্তি হয়েছে।

oooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা ভোটে, শহরে নির্বাচনী বিধি মানা সহ আইনশৃঙ্খলা এবং নিরাপত্তার বিষয়টি সুনিশ্চিত করতে কলকাতা পুলিশ নোডাল আধিকারিক নিয়োগ করেছে। এক বিজ্ঞপ্তিতে পুলিশের তরফে জানানো হয়েছে, যুগ্ম কমিশনার নীলাঞ্জন বিশ্বাসকে কলকাতা উত্তর ও অজয় প্রসাদকে কলকাতা দক্ষিণের দায়িত্ব দেওয়া হয়েছে। যুগ্ম কমিশনার শুভঙ্কর ভট্টাচার্য, দক্ষিণ ২৪ পরগনার নোডাল আধিকারিকের দায়িত্ব পেয়েছেন।

ডেপুটি কমিশনার বিদিত রাজ ভুন্ডেশকে কলকাতা উত্তর-দক্ষিণ এবং দক্ষিণ ২৪ পরগনার নির্বাচনী বিধির ওপর নজরদারির দায়িত্ব দেওয়া হয়েছে।

সোশাল মিডিয়া মনিটারিং ও ভোট প্রচারে ভি আই পি-দের নিরাপত্তা সুনিশ্চিত করতে সম্প্রতি ভবানীভবন থেকে ৯ জন নোডাল আধিকারিক নিয়োগ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনের দামামা বেজে ওঠার সঙ্গেই শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। পূর্ব বর্ধমান জেলাও তার ব্যতিক্রম নয়। ভোটের দিন যতই এগিয়ে আসছে, জেলায় বাড়ছে নির্বাচনী উত্তাপ।এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

(ভিসি-তনুশ্রী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার পলাশির ফুল বাগান মোড়ে আজ সকালে এক পথ দুর্ঘটনায় মূর্শিদাবাদের রেজিনগরের তেঘরি গ্রামের ১৭ জন স্কুল পড়ুয়া জখম হয়েছে। এদের মধ্যে ৬ জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের বহরমপুরে মূর্শিদাবাদ মেডিকেল কলেজে ভর্তি কার হয়েছে। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, রেজিনগরে দ্বিতীয় থেকে চতুর্থ শ্রেণীর ১৭ জন পড়ুয়াকে নিয়ে যাওয়ার সময় গাড়িটি সামনে থাকা একটি ডাম্পারের পেছনে সজোরে ধাক্কা মারলে এই বিপত্তি ঘটে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশে জনগণনা ২০২৭ আগামীকাল শুরু হচ্ছে। কেন্দ্রীয় সরকার ২০২৭ সালের জনগণনার প্রথম পর্বের জন্য ৩৩টি প্রশ্নের একটি তালিকা প্রকাশ করেছে। নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং জনগণনা কমিশনার মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ জানান, জনগণনা দুটি পর্বে

পরিচালিত হবে। শ্রী নারায়ণ বলেন, রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির চূড়ান্ত করা সময়সূচী অনুযায়ী প্রথম পর্বটি আগামিকাল থেকে ত্রিশে সেপ্টেম্বরের মধ্যে পরিচালিত হবে।

আগামিকাল থেকে ৩১শে আগস্টের মধ্যে ১৫ দিনব্যাপী চলবে সেলফ এন্যুমারেশন বা নিজের সম্পর্কে তথ্য জানানোর প্রক্রিয়া। প্রতিটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে সেলফ এন্যুমারেশন সম্পন্ন করার পর, ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত ৩০ দিনব্যাপী বাড়ির তালিকা তৈরির কর্মসূচী পরিচালিত হবে। সেলফ এন্যুমারেশন পোর্টালের নির্দেশিকা ১৬টি ভাষায় লেখা থাকবে। জনগণনার দ্বিতীয় পর্বে জাতিগত গণনা করা হবে বলে শ্রী নারায়ণ উল্লেখ করেন।

oooooooooooooooooooooooooooooo

অনুকুল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বৃষ্টি হচ্ছে। উত্তরবঙ্গেও রয়েছেন বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ।

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

এদিকে, আবহাওয়া দফতর পশ্চিমবঙ্গ এবং উত্তর ওড়িশা উপকূলে ৪০ থেকে ৫০ কিলোমিটারেরও বেশি বেগে ঝোড়ো হাওয়ার সম্ভাবনা থাকায় মৎস্যজীবীদের আজ সমুদ্র যেতে নিষেধ করেছে।

oooooooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'গ্রামীণ যুবকদের নতুন আয়ের উৎস হয়ে উঠছে উন্নত জাতের মুরগি পালন' । এই নিয়ে হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি সম্প্রসারণ বিভাগের বিষয়বস্তু বিশেষজ্ঞ ডক্টর সৈকত সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ  রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo